সংবাদ

তারিখ: 01 NOV 2017
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৫

# সিদ্ধিরগঞ্জে প্রাথমিক স্কুলে ডিজিটাল শ্রেণীকক্ষের উদ্বোধন

**প্রতিনিধি, সিদ্ধিরগঞ্জ (নারায়ণগঞ্জ)**

সিদ্ধিরগঞ্জের পাইনাদী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ডিজিটাল শ্রেণীকক্ষের উদ্বোধন করা হয়েছে। গত সোমবার নারায়ণগঞ্জ সদর উপজেলা শিক্ষা অফিসার মোহাম্মদ মনিরুল হক এ ডিজিটাল শ্রেণীকক্ষের উদ্বোধন করেন। এসময় শিশু ও কোমল মতি ছাত্রছাত্রীরা ডিজিটাল ক্লাস দেখে খুবই আনন্দিত হয়। জানা যায়, সরকারের ডিজিটাল কর্মসূচির অংশ হিসেবে প্রত্যেক বিদ্যালয়ে ডিজিটাল শ্রেণীকক্ষ স্থাপনের উদ্যোগ নেয়। তারই অংশ হিসেবে সোমবার সিদ্ধিরগঞ্জের মিজমিজিতে অবস্থিত পাইনাদী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ডিজিটাল শ্রেণীকক্ষের উদ্বোধন করা হয়। এরপর শিক্ষার্থীদের শিক্ষক বাতায়ন থেকে ডিজিটাল কনটেন্ট ডাউনলোড করে পাঠদান করা হয়। এ সময় সদর উপজেলার সহকারী শিক্ষা অফিসার মোঃ আকরাম হোসেন ও মোঃ তৌফিকুল ইসলাম, দৈনিক সংবাদের চিফ রিপোর্টার সালাম জুবায়ের, কবি লুৎফর রহমান, বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি আজাদ হোসেন, আব্দুল অদুদ, ব্যবসায়ী গাজী আব্দুল আউয়াল, বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা নুসরাত চৌধুরী ও অন্যান্য শিক্ষিকা, ছাত্রছাত্রী উপস্থিত ছিলেন। প্রবাসী ব্যবসায়ী গাজী আব্দুল আউয়াল এসময় বিদ্যালয়ে একটি এলইডি মনিটর প্রদান করেন এবং শীঘ্রই প্রতিটি শ্রেণীকক্ষে একটি করে মনিটর প্রদানের আশ্বাস দেন।